

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-২ অধিশাখা
www.hsd.gov.bd




নম্বর : ৪৫.০০.০০০০.১৬১.৯৯.০০১.২১(অংশ)- ৩ ৯৮

তারিখ : ০৯-১১-২০২১ খ্রি.

বিষয় : শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর আওতায় কর্মপরিবেশ উন্নয়নের নিমিত্ত স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানগুলো পরিষ্কার পরিচ্ছন্নকরণ।

উপর্যুক্ত বিষয়ে সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ মহোদয়সহ বিভাগের অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণের হাসপাতাল পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে বেশিরভাগ ক্ষেত্রেই হাসপাতালসমূহে মানসম্মত পরিচ্ছন্নতা ও সেবার ঘাটতি রয়েছে। স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহে পরিষ্কার-পরিচ্ছন্নতার কাঙ্ক্ষিতমান নিশ্চিত করে শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর আওতায় কর্মপরিবেশ উন্নয়নের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এছাড়া, কোভিড-১৯ মহামারী পরিস্থিতিতে কোভিড রোগীদের প্রতি বেশি মনোযোগ দিতে হওয়ায় নন-কোভিড রোগীদের কাঙ্ক্ষিত পরিমাণ সেবা প্রদান করা যায়নি মর্মেও জানা যায়। বর্তমানে কোভিড-১৯ মহামারী পরিস্থিতি নিয়ন্ত্রণে থাকায় হাসপাতালের নন-কোভিড রোগীদের সেবার মান উন্নীতকরণসহ হাসপাতালসমূহে পরিষ্কার-পরিচ্ছন্নতার কাঙ্ক্ষিতমান নিশ্চিত করে ব্যবস্থা গ্রহণ প্রয়োজন।

০২। বর্গিতাবস্থায়, সরকারী হাসপাতালসমূহে নন-কোভিড রোগীদের সেবার মান ও পরিমাণ বৃদ্ধিকরণসহ শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী হাসপাতালসমূহে পরিষ্কার-পরিচ্ছন্নতার কাঙ্ক্ষিতমান নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোহাম্মদ রোকন উদ্দিন)
উপসচিব
ফোন-৯৫৪৬৫২০
ghm2@hsd.gov.bd

বিতরণ :

- ১) বিভাগীয় পরিচালক, (সকল)।
- ২) পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল/ বিশেষায়িত হাসপাতাল (সকল)।
- ৩) সিভিল সার্জন,(সকল)।
- ৪) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা.....(সকল)।

অনুলিপি :

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (পত্রটি স্বাস্থ্য সেবা বিভাগের ওয়েবসাইটে প্রকাশসহ গুপ মেইলে প্রেরণের অনুরোধসহ)।
৫. অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬. যুগ্মসচিব (সরঃ ও বেসরঃ স্বঃ ব্যবঃ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।